# উপজেলা পরিষদের জুন/২০২৬ মাসের মাসিক (বিশেষ) সভার কার্যবিবরণী

সভাপতি : **জান্নাতুল আফরোজ স্বর্ণা**
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা।

**সভার তারিখ : ০৮/০৬/২০২৬ খ্রিঃ**

**সভার সময় : সকাল ১১.০০**

**(সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পৃথক রেজিষ্টারে সংরক্ষিত)**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা ও সম্মানিত সভাপতি আজকের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভার কাজ শুরু করা হয়।

**০১। বিগত সভার পাঠ ও দৃঢ়ীকরণঃ**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়।

**০২। আলোচনাঃ**

**(ক) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ঃ**

১) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০. ০০০.০৪৫.২০.০৩৭৭.২৬-৯৭২ তারিখঃ ০১/০৬/২০২৬ খ্রিঃ মোতাবেক সাতক্ষীরা জেলার তালা উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দ হিসেবে ৪৪.৪৪ লক্ষ টাকা প্রদান করা হয়। যা মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এপ্রেক্ষিতে মাননীয় সংসদ সদস্য, ১০৫, সাতক্ষীরা-১ (তালা-কলারোয়া) মহোদয় প্রকল্প তালিকা প্রদান করেছেন (পরিশিষ্ট-ক) এবং অবশিষ্ট অংশ ইতিপূর্বে গৃহীত প্রকল্পের সাথে সমন্বয় করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০. ০০০.০৪৫.২০.০৩৭৭.২৬-৯৭৩ তারিখঃ ০১/০৬/২০২৬ খ্রিঃ মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০০৪০০) বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা থোক হতে আরএডিপি তে বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান অনুসারে RFQ (Request for Quotation)/OTM (Open Tendering Method) বা অন্য কোনো উপযুক্ত পদ্ধতি অবলম্বন করে ক্রয় কাজ সম্পাদন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(Request for Quotation) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে এবং টেন্ডার প্রক্রিয়ার অবশিষ্ট অর্থ তদারকি ও আনুষাঙ্গিক খাতে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা প্রাক্কলন প্রণয়নপূর্বক কাজ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।

২) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা শিক্ষা অফিসের সামনের রাস্তাটি অত্যন্ত জরাজীর্ণ ও উক্ত অফিসে আগত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকদের জন্য বর্ষা মৌসুমে দুর্ভোগের সৃষ্টি হয়, বিধায় উক্ত রাস্তাটি উঁচু করে নির্মাণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং রাস্তাটি নির্মাণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে (দুই লক্ষ পঞ্চাশ হাজার) উক্ত রাস্তাটি নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

৩) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০. ০০০.০৪৫.২০.০৩৬৯.২৬-৮৪০ তারিখঃ ১০/০৫/২০২৬ খ্রিঃ মোতাবেক চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের পুরাতন ও নতুন কমপ্লেক্স ভবনে (২য় তলায়) স্থাপিত মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরিদর্শন কক্ষ স্থাপন/মেরামতের লক্ষে প্রতিটি উপজেলার ন্যায় সাতক্ষীরা জেলার তালা উপজেলায় ছয় লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। জুন/২০২৬ এর মধ্যে কাজগুলো বাস্তবায়নের জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী নতুন ভবনের দ্বিতীয় তলায় পরিদর্শন কক্ষ নির্মাণ বাবদ (তিন লক্ষ টাকা) এবং অভ্যন্তরীণ সজ্জাকরণ ও আসবাবপত্র(তিন লক্ষ টাকা) ক্রয়ের নিমিত্তে ০২ টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু জুন/২০২৬ এর মধ্যে কাজ বাস্তবায়ন সাপেক্ষে বিল উত্তোলনের বাধ্যবাধকতা রয়েছে সেহেতু কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত বরাদ্দকৃত অর্থ পে-অর্ডার আকারে উপজেলা প্রকৌশলী/উপজেলা নির্বাহী অফিসারের নিকট জমা রাখা এবং কাজ বাস্তবায়ন শেষে প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্টদের বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) উপজেলা নির্বাহী অফিসার সকলের অবগতির জন্য জানান যে, পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করবেন। কাজ বাস্তবায়নে ভবিষ্যতে কোনো প্রকার জটিলতা সৃষ্টি হলে প্রকল্প বাস্তবায়ন কমিটি দায়ী থাকবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়ন কমিটি ত্রুটিপূর্ণ কাজ নিজ দায়িত্বে সংশোধন করবেন। যেহেতু জুন/২০২৬ এর মধ্যে কাজ বাস্তবায়ন সম্ভব নয় সেহেতু উক্ত কাজের বরাদ্দ সহ উপজেলার বিভিন্ন প্রকল্প (এনবিআইডিজিপিএস/পিইডিপি-৪), বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও বিশেষ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের অসম্পুর্ণ অংশের কাজের কোনো অর্থ যেন তামাদি না হয় সেজন্য **পে-অর্ডার/অতিরিক্ত জামানত আকারে** গ্রহণ করে বিল প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর, আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৬/২৬

**জান্নাতুল আফরোজ স্বর্ণা**
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা।

স্মারক নং- ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২৬-**৪৬৯/১(৫০)** তারিখঃ ০৮/০৬/২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় সংসদ সদস্য, ১০৫, সাতক্ষীরা-১ (তালা-কলারোয়া)।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৫। জনাব ................................ তালা, সাতক্ষীরা।
৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), তালা, সাতক্ষীরা।
৭। অফিস নথি।

০৮/০৬/২৬

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, তালা, সাতক্ষীরা।
নোট শিট নং- ০১ পৃষ্ঠা নং-০১

১। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা জুন/২০২৬(বিশেষ) এর সিদ্ধান্ত মোতাবেক চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবকাঠামো উন্নয়ন প্রকল্প ও চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি এর আওতায় সাতক্ষীরা জেলার তালা উপজেলায় চলমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ ও প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ কাজ বাস্তবায়নের সময়সীমা জুন/২০২৬ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। কিন্তু কয়েকটি বিদ্যালয়ে বাস্তবিক অবস্থা বিবেচনায় কাজ শতভাগ সম্পন্ন করা সম্ভবপর না হওয়ায় উক্ত অসমাপ্ত অংশের কাজ সমাপ্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারগণের নিকট হতে বরাদ্দ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলীর নামে পে-অর্ডার আকারে অর্থ জমা প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যা কাজ সমপান্তে সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে ফেরত প্রদান করা হবে। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এ বিষয়ে অবগত আছেন। তৎপ্রেক্ষিতে নিম্ন-লিখিত তথ্য উপস্থাপন করা হলো।

| ক্র নং | বিদ্যালয়ের নাম | পে-অর্ডার টাকা | পে-অর্ডার নং |
|---|---|---|---|
| ০১ | ওমরপুর সপ্রাবি (বসু টেড্রার্স) | ১৫ লক্ষ টাকা মাত্র | ১২৮৯৮৫৬,৫৭ (পূবালি ব্যাংক) |
| ০২ | উত্তর শাহজাতপুর সপ্রাবি (রৌশনী এন্টা) | ১৫ লক্ষ টাকা মাত্র | ২৫৬২৪৬৭,৬৮,৬৯ (এনআরবিসি) |
| ০৩ | বালিয়াদহ সপ্রাবি (এম এম ব্রাদার্স) | ১.৫ লক্ষ টাকা মাত্র | ১২৮৯৮৬৯ (পূবালি ব্যাংক) |
| ০৪ | পাটকেলঘাটা সপ্রাবি (আমিরুন এন্টাঃ) | ২.৫ লক্ষ টাকা মাত্র | ৭৫৫০৬৩৭,৩৮ (যমুনা ব্যাংক) |
| ০৫ | ইসলামকাটি সপ্রাবি (মেহেরুন ট্রেড ইন্টাঃ) | ২.৫ লক্ষ টাকা মাত্র | ০৫২৮০৩০ (সোনালী ব্যাংক) |
| ০৬ | শিরাশুনি সপ্রাবি (সালেহা এন্টারপ্রাইজ) | ১ লক্ষ টাকা মাত্র | ৪৭৯২৩৬৫ (সোনালী ব্যাংক) |
| ০৭ | খানপুর সপ্রাবি (মোঃ রফিকুল ইসলাম) | ২ লক্ষ টাকা মাত্র | ৪৭৯২৩৫৯ (সোনালী ব্যাংক) |

কাজ বাস্তবায়ন শেষে উপজেলা প্রকৌশলীর কারিগরী প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে পে-অর্ডার ফেরত প্রদানের শর্তে উপরে উল্লিখিত পে-অর্ডারগুলো উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে সংরক্ষণ করা হয়েছে। সদয় অনুমোদন হলে উল্লিখিত নথিতে স্বাক্ষর করা যেতে পারে।

Receive
মোঃ ফারুক হোসেন
অডিটর
উপজেলা হিসাবরক্ষণ অফিস
তালা, সাতক্ষীরা।

০৫/০৭/২৬
হিসাব রক্ষক
মোছাঃ নাসরিন সুলতানা
হিসাব সহকারী
এলজিইডি, তালা, সাতক্ষীরা

০৫/০৭/২৬
উপজেলা প্রকৌশলী
(রথীন্দ্র নাথ হালদার)
উপজেলা প্রকৌশলী
তালা, সাতক্ষীরা।

Shahan 05.07.26
উপ-প্রশাসনিক কর্মকর্তা

উপজেলা নির্বাহী অফিসার
জান্নাতুল আফরোজ স্বর্ণা
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা।

৫/৭/২৬
সন্তোষ কুমার মন্ডল
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
তালা, সাতক্ষীরা।